## আইসিটি বিভাগ

তারিখ: ২৪-০৯-২০২৩

**বিষয়ঃ ইনোভেশন কমিটির ২০২৩-২৪ অর্থবছরের ২য় সভার কার্যবিবরণী**

উপব্যবস্থাপনা পরিচালক এবং ইনোভেশন অফিসার জনাব পারভীন আকতার মহোদয়ের সভাপতিত্বে ২৪-০৯-২০২৩ তারিখ সকাল ১১:৩০ ঘটিকায় ব্যাংকের বোর্ড রুমে ইনোভেশন কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কমিটির সকল সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

২। সভার শুরুতে ইনোভেশন টিমের সভাপতি ও উপব্যবস্থাপনা পরিচালক মহোদয় পুনর্গঠিত কমিটিতে অন্তর্ভুক্ত নতুন সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানান এবং উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে ইনোভেশন কমিটির সদস্য সচিব ও প্রোগ্রামার জনাব তৌহিদ মোহাম্মদ শোয়েব সভায় ২০২৩-২৪ অর্থবছরের ১ম সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। এছাড়া অদ্যকার সভায় আলোচ্যসূচী অনুযায়ী বিশদ পর্যালোচনা করা হয় যা নিম্নরূপ:

**আলোচ্য বিষয়ঃ** ২০২৩-২০২৪ অর্থ-বছরের সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারনা বাস্তবায়ন।

**আলোচনার বিবরণঃ**

ইনোভেশন কমিটির ২০২৩-২৪ অর্থ বছরের ২য় সভায় প্রাথমিকভাবে নির্বাচিত সম্ভাবনাময় ১৯(উনিশ) টি ধারণার উপর অত্র সভায় বিশদ আলোচনা-পর্যালোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত দু'টি উদ্ভাবনী উদ্যোগ চলতি অর্থবছরে বাস্তবায়নের জন্য চূড়ান্তভাবে নির্বাচন করা হয়। তন্মধ্যে প্রধান কার্যালয় হতে প্রাপ্ত উদ্ভাবনী উদ্যোগের বিস্তারিত বিবরণ নিম্নরূপঃ

**উদ্ভাবনী ধারণা-০১. "Battalion Ansar Loan Application Verification System" এর মাধ্যমে ঋণ আবেদনের তথ্য যাচাই প্রক্রিয়া সহজীকরণ করা"**

**যৌক্তিকতা:**

- ব্যাটালিয়ন আনসার সদস্য তথ্য গোপন করে কর্মস্থল পরিবর্তনের সাথে একাধিক শাখা হতে ঋণ গ্রহণ করতে পারেন।
- পূর্ববর্তী দফায় বিতরণকৃত বা চলমান ঋণ অথবা খেলাপী গ্রাহকের রেকর্ড যাচাই অনেক সময় সাপেক্ষ এবং কষ্টসাধ্য ব্যাপার।
- ঋণ গ্রহীতার দায়-দেনা সংক্রান্ত তথ্য বা NOC প্রদানের ক্ষেত্রে সমস্যার সম্মুখীন হতে হয়।

বর্ণিত যৌক্তিকতার আলোকে একই ব্যক্তি কর্তৃক ব্যাংকের একাধিক শাখা হতে ঋণ গ্রহণের সুযোগ হতে বিরত রাখার উদ্দেশ্যে ব্যাটালিয়ন আনসারের ঋণ গ্রহণের তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনার জন্য **"Battalion Ansar Loan Application Verification System"** উদ্ভাবনী উদ্যোগটি নির্বাচিত হয়।

**ধারণাটি বাস্তবায়ন পরবর্তী সুফলসমূহ:**

- কেন্দ্রীয়ভাবে ব্যাটালিয়ন আনসারদের গুরুত্বপূর্ণ ব্যক্তিগত ও ঋণের তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনা।
- মোবাইল/ল্যাপটপ/কম্পিউটার ব্যবহার করে প্রয়োজনীয় ডকুমেন্টস্ সংগ্রহ।
- দ্রুততম সময়ে ঋণ আবেদনকারীর পূর্বের বকেয়া ঋণের তথ্য যাচাইপূর্বক ঋণ অনুমোদন প্রক্রিয়া সহজীকরণ।
- ঋণের তথ্য যাচাই প্রক্রিয়ায় কম সময় লাগায় গ্রাহকদের সন্তুষ্টি বৃদ্ধি।
- কিস্তিখেলাপী ও বকেয়া ঋণের পরিমাণ হ্রাস পাবে।

**ধারণা প্রদানকারী (যৌথভাবে):**

১) জনাব জেড. এম. হাফিজুর রহমান
মহাব্যবস্থাপক, প্রশাসন বিভাগ

২) জনাব সাজেদুর রহমান (৮১১)
প্রিন্সিপাল অফিসার, রাউজান শাখা

**ধারণা বাস্তবায়নকারী:**

১) মোহাম্মদ হাসান মাহমুদ (৭৬৫)
সিস্টেম এনালিস্ট, আইসিটি বিভাগ

২) এ. এইচ. এম সাইফুল হক (৭৬১)
সহকারী অফিসার ,আইসিটি বিভাগ

**মেন্টর:**

১) মোহাম্মদ হাসান মাহমুদ (৭৬৫)
সিস্টেম এনালিস্ট, আইসিটি বিভাগ

চলমান পাতা-০২

**মাঠ (জেলা) পর্যায়ের অফিসের উদ্ভাবনী উদ্যোগঃ** মাঠ (জেলা) পর্যায় হতে প্রাপ্ত উদ্ভাবনী উদ্যোগের বিস্তারিত বিবরণ নিম্নরূপঃ

**উদ্ভাবনী ধারণা -০২. "শাখা ভিত্তিক ঋণী গ্রাহকদের জিও লোকেশন ডিজিটাইজেশন"**

**যৌক্তিকতা:**

- একজন কর্মকর্তা নতুন কোন শাখায় যোগদান করার পর গ্রাহকদের সাথে এ পদ্ধতিতে পরিচিত হতে ও বিতরণের মাঠ পর্যায়ের তদারকিতে দীর্ঘ সময়ের প্রয়োজন হয়।
- গ্রাহকের সাথে যোগাযোগের ধারাবাহিকতা বিঘ্নিত হওয়ারদ ফলে খেলাপি ঋণের পরিমাণ বৃদ্ধি পায়।
- ঋণ আদায় ও বিতরনের মাঠ পর্যায়ের তদারকিতে নেতিবাচক প্রভাব সৃষ্টি হয়।
- গ্রাহক সেবার মানের উপর প্রত্যক্ষ ও পরোক্ষভাবে নেতিবাচক প্রভাব পড়ে।

বর্ণিত যৌক্তিকতার আলোকে ব্যাংকের সকল কার্যালয় সমূহে একই পদ্ধতিতে সঠিক ও সহজে ঋণী গ্রাহকদের চিহ্নিতকরণ-এর স্বার্থে **"শাখা ভিত্তিক ঋণী গ্রাহকদের জিও লোকেশন ডিজিটাইজেশন "** ধারণাটি নির্বাচিত হয়।

**ধারনাটি বাস্তবায়ন পরবর্তী সুফলসমূহ:**

- ব্যাংকের সকল কার্যালয় সমূহের সকল ঋণী গ্রাহকদের সাথে তাৎক্ষণিক, দ্রুত ও নির্ভূলভাবে চিহ্নিতকরণ।
- গ্রাহকের সাথে নিরবিচ্ছিন্ন যোগাযোগ।
- খেলাপি ঋণের পরিমাণ হ্রাস পাবে।
- ব্যাংকার ও গ্রাহদের মধ্যে সুসম্পর্ক বৃদ্ধি পাবে।

**ধারণা প্রদানকারী:**

১) জনাব প্রিয়ম কুমার সাহা (৮৭১)
সিনিয়র অফিসার, ভাঙ্গা শাখা, ফরিদপুর।

**ধারণা বাস্তবায়নকারী:**

১) জনাব পলাশ হালদার (৭০৯)
প্রিন্সিপাল অফিসার, আইসিটি বিভাগ

২) জনাব মোঃ শাহ নেওয়াজ (৫৮৬)
প্রিন্সিপাল অফিসার, আইসিটি বিভাগ

৩) জনাব প্রিয়ম কুমার সাহা (৮৭১)
সিনিয়র অফিসার, ভাঙ্গা শাখা, ফরিদপুর

**মেন্টর:**

১) তৌহিদ মোহাম্মদ শোয়েব (৬০৯)
প্রোগ্রামার, আইসিটি বিভাগ

এছাড়াও ব্যাংকের ২০২৩−২৪ অর্থবছরের উদ্ভাবনী আইডিয়া আহ্বানের প্রেক্ষিতে, ব্যাংকের সর্বস্তরে কর্মরত সকল নির্বাহী-কর্মকর্তা-কর্মচারীগণকে উৎসাহিত করার জন্য ব্যাংকের সকল কার্যালয় ও শাখাকে ২০২৩-২৪ অর্থবছরে সর্বমোট ১৯ (উনিশ)টি উদ্ভাবনী ধারণা প্রেরণের বিষয়টি অবগত করা এবং তন্মধ্য হতে চুড়ান্তভাবে নির্বাচিত আইডিয়াসমূহ প্রদানকারী নির্বাহী-কর্মকতাগণকে অভিনন্দন ও শুভেচ্ছা পত্র প্রেরণ করা যেতে পারে।

**উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ**

১. ২০২৩-২৪ অর্থবছরের জন্য নিম্নোক্ত ধারণা দুটি বাস্তবায়নের জন্য চূড়ান্তভাবে নির্বাচন করা হলো:
   ১.১ ধারণা-০১. "Battalion Ansar Loan Application Verification System এর মাধ্যমে ঋণ আবেদনের তথ্য যাচাই প্রক্রিয়া সহজীকরণ করা";
   ১.২ ধারণা-০২. "শাখা ভিত্তিক ঋণী গ্রাহকদের জিও লোকেশন ডিজিটাইজেশন";

২. চূড়ান্তভাবে নির্বাচিত ধারণাসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট নির্বাহী ও কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করা হলো;

৩. ব্যাংকের সকল কার্যালয় ও শাখাকে ২০২৩-২৪ অর্থবছরে সর্বমোট ১৯ (উনিশ)টি উদ্ভাবনী ধারণা প্রেরণের বিষয়টিসহ চুড়ান্তভাবে নির্বাচিত আইডিয়াসমূহ অবগতকরণ পত্র প্রেরণ করতে হবে;

৪. চুড়ান্তভাবে নির্বাচিত আইডিয়াসমূহ প্রদানকারী নির্বাহী-কর্মকতাগণকে অভিনন্দন ও শুভেচ্ছা পত্র প্রেরণ করতে হবে;

৫. ২০২৩-২৪ অর্থবছরে বাস্তবায়নযোগ্য চুড়ান্তভাবে নির্বাচিত আইডিয়াসমূহের তথ্য আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-এ প্রেরণ করতে হবে;

৬. ইনোভেশন কমিটির পরবর্তী সভায় নির্বাচিত ধারণাসমূহের বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতি উপস্থাপন করতে হবে।

চলমান পাতা-০৩

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মাইনুল ইসলাম
প্রিন্সিপাল অফিসার
কেন্দ্রিয় হিসাব বিভাগ
ও সদস্য, ইনোভেশন টিম

তৌহিদ মোহাম্মদ শোয়েব
প্রোগ্রামার
আইসিটি বিভাগ
ও সদস্য সচিব, ইনোভেশন টিম

মোঃ আব্দুল লতিফ
সিনিয়র প্রিন্সিপাল অফিসার
কেন্দ্রীয় হিসাব বিভাগ
ও সদস্য ইনোভেশন টিম

মোহাম্মদ হাসান মাহমুদ
সিস্টেম এনালিস্ট
আইসিটি বিভাগ
ও সদস্য, ইনোভেশন টিম

বাদল চন্দ্র দেবনাথ
উপমহাব্যবস্থাপক ও সচিব, পরিচালনা বোর্ড
ও সদস্য, ইনোভেশন টিম

মোঃ শিব্বির আহমেদ
উপমহাব্যবস্থাপক
শাখা নিয়ন্ত্রণ বিভাগ
ও সদস্য, ইনোভেশন টিম

জেড. এম হাফিজুর রহমান
মহাব্যবস্থাপক
প্রশাসন মহাবিভাগ
ও সদস্য, ইনোভেশন টিম

পারভীন আকতার
উপব্যবস্থাপনা পরিচালক
এবং
ইনোভেশন অফিসার

**সূত্র নং- ১/২২/১১১/** **তারিখঃ ২৪-০৯-২০২৩**

**বিতরন:-**

১। স্টাফ অফিসার টু ডিএমডি, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার টু জিএম, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। বিভাগ প্রধান, শাখা নিয়ন্ত্রণ বিভাগ, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। সচিব, পরিচালনা বোর্ড, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। সিস্টেম এনালিস্ট, আইসিটি বিভাগ, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। জনাব মোঃ আব্দুল লতিফ, সিনিয়র প্রিন্সিপাল অফিসার, কেন্দ্রীয় হিসাব বিভাগ, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৭। জনাব তৌহিদ মোহাম্মদ শোয়েব, প্রোগ্রামার, আইসিটি বিভাগ, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৮। জনাব মোঃ মাইনুল ইসলাম, প্রিন্সিপাল অফিসার, কেন্দ্রিয় হিসাব বিভাগ, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

**সদয় জ্ঞাতার্থে অনুলিপি: -**

১। স্টাফ অফিসার টু এমডি, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার টু জিএম, মহাব্যবস্থাপক (অপারেশন, হিসাব ও নিরীক্ষা) মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।